# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 23 June, 2025

অনলাইনে সেবা গ্রহনে বিড়ম্বনার অভিযোগে পাবনার সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে অভিযান চালিয়েছে দুদক সমন্বিত পাবনা জেলা কার্যালয়ের একটি দল।সোমবার (২৩ জুন) দুপুরে দুদক সমন্বিত পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাধন চন্দ্র সুত্রধরের নেতৃত্বে দুদকের একটি অভিযানিক দল জেলা নির্বাচন অফিসে অভিযান চালায়।

একজন সেবা গ্রহীতার অভিযোগের ভিত্তিতে এই অভিযান চালানো হয়।অভিযানে অনলাইনে নাম বয়স সংশোধনের ক্ষেত্রে কিছু হয়রানির অভিযোগ পাওয়া যায়।

দুদক সমন্বিত পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাধন চন্দ্র সুত্রধর জানান, অভিযানে বিভিন্ন সেবা গ্রহীতাকে জিজ্ঞসাবাদ করা হয়।জিজ্ঞসাবাদে অধিকাংশ সেবা গ্রহীতাকে সন্তোষজনক সেবা পেয়েছে বলে জানান।তবে কয়েকজন সেবা গ্রহীতা সাঠিকভাবে সেবা পায়নি বলে অভিযাগ করেন।এ বিষয়ে দুদক প্রধান কার্যালয়ের সাথে কথা বলে পরবর্তি সিদ্ধান্ত গ্রহন করা হবে।

দুদক নির্বাচন অফিস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 17:06

URL: https://timestodaybd.com/rajshahi/7758073591